




জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ পেমেন্ট সম্পন্ন হয়নি এমন আবেদনসমূহের পেমেন্ট সম্পন্ন করা প্রসঙ্গে

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিছু শিক্ষার্থীদের মধ্যে যারা আবেদন করেছেন, কিন্তু একাদশ শ্রেণিতে স্মার্ট ভর্তির সিস্টেমে তাদের পেমেন্ট সম্পন্ন হয়নি, তাদেরকে অবশ্যই আগামী ১৩জুন ২০২৪ইং তারিখ রাত ৮.০০টার মধ্যে পেমেন্ট সম্পন্ন করার নির্দেশনা দেয়া যাচ্ছে। উক্ত সময়সীমার মধ্যে যদি একাদশ শ্রেণিতে স্মার্ট ভর্তির সিস্টেমে তাদের পেমেন্ট সম্পন্ন না দেখায়, তবে তাদের আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। যদি আপনার পোর্টালের মাধ্যমে অর্থাৎ Sonali Seba কিংবা SSLCOMMERZ এর মাধ্যমে পেমেন্ট করতে অসুবিধা হয়, তবে পোর্টালে না গিয়ে সরাসরি বিকাশ এর মাধ্যমেও পেমেন্টের ব্যবস্থা চলমান রয়েছে।

(এই লিঙ্কে দেখুন <https://shorturl.at/gK7ns>)।

এখানে উল্লেখ্য যে, যদি পেমেন্ট সংক্রান্ত কোন dispute থাকে, যেমন- সংশ্লিষ্ট Payment Service Provider (PSP) টাকা কেটে নিয়েছে কিন্তু একাদশ শ্রেণিতে স্মার্ট ভর্তির সিস্টেমে পেমেন্ট সম্পন্ন হয়নি, তাহলে সংশ্লিষ্ট PSP তাদের নিজস্ব reconciliation পদ্ধতির মাধ্যমে (বিলম্বে হলেও) গ্রাহককে টাকা ফেরৎ দিতে বাধ্য। আর ইতোমধ্যে যারা বিভিন্ন কারণে একাধিক পেমেন্ট সম্পন্ন করে ফেলেছেন, তাদেরকে অতিরিক্ত পেমেন্ট প্রমাণ সাপেক্ষে ফেরৎ দেবার ব্যবস্থা গ্রহণ করা হবে।



প্রফেসর তপন কুমার সরকার
সভাপতি

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা